


স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/৪০৭৬

তারিখ : ১৭ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ  
০১ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত, অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষের অনুপস্থিতিতে এবং এডহক কমিটি/গভর্নিং বডি'র মেয়াদ উত্তীর্ণ/সভাপতি কোন কারণে দায়িত্ব পালনে অপারগ হলে নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী মাদরাসা পরিচালিত হবে :

- ১। কোন ফাজিল ও কামিল মাদরাসার এডহক কমিটি/গভর্নিং বডি'র সভাপতি না থাকার কারণে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের সমস্যা সৃষ্টি হলে জেলা সদরে অবস্থিত মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা সদরের বাইরে অবস্থিত মাদরাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আই.সি.টি) এবং তাঁর অবর্তমানে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বেতন-ভাতা বিলে প্রতিশ্রুত করবেন।
- ২। ফাজিল ও কামিল মাদরাসায় কোন কারণে অধ্যক্ষ না থাকলে তদস্থলে সংশ্লিষ্ট মাদরাসার উপাধ্যক্ষ ভিন্ন অপর কোন শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করতে পারবেন না। কোন কারণে উপাধ্যক্ষের দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে।
- ৩। যে সকল মাদরাসায় উপাধ্যক্ষ কর্মরত অবস্থায় অন্য কোন শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করছেন উক্ত মাদরাসা কর্তৃপক্ষ আগামী ৩০ দিনের মধ্যে অত্র অফিস আদেশের ২ নং নির্দেশনা প্রতিপালন করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করবেন।
- ৪। মাদরাসায় উপাধ্যক্ষ না থাকলে জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন। জ্যেষ্ঠতম শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে এমপিওভুক্তির তারিখ, একই তারিখে এমপিওভুক্ত হলে যোগদানের তারিখ এবং যোগদানের তারিখ একই হলে বয়সের দিক হতে বয়োজ্যেষ্ঠ শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে। একইভাবে একই বয়সের দু'জন হলে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন শিক্ষককে জ্যেষ্ঠ গণ্য করা হবে।
- ৫। অধ্যক্ষের ছুটিকালীন সময়ে/অন্যত্র কোন দায়িত্ব পালনকালে উক্ত সময়ের জন্য দায়িত্বপ্রাপ্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ শুধু কটিন ওয়ার্ক করবেন।

  
০১/১১/২০১৭  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)


ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ইআবি/রেজি:/প্রশা:/২০১৫/৪০৭৬

তারিখ : ০১/১১/২০১৭ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, রমনা, ঢাকা-১০০০।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। পরিদর্শক (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৬। জেলা প্রশাসক, সকল জেলা।
- ৭। অতিরিক্ত জেলা প্রশাসক, সকল জেলা।
- ৮। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা।
- ১০। অধ্যক্ষ, প্রাথমিক পাঠদানের অনুমতি প্রাপ্ত, অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা।
- ১১। ব্যবস্থাপক, সংশ্লিষ্ট ব্যাংক।
- ১২। আই.সি.টি. বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ১৩। অফিস নথি।

  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়